

📃 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮:২

💵 আরবি মূল আয়াত:

مَا اَنتَ بِنِعمَۃِ رَبِّكَ بِمَجنُونٍ ﴿٢﴾

তোমার রবের অনুগ্রহে তুমি পাগল নও। — আল-বায়ান

তোমার প্রতিপালকের অনুগ্রহে তুমি পাগল নও। — তাইসিরুল

তোমার রবের অনুগ্রহে তুমি উম্মাদ নও। — মুজিবুর রহমান

You are not, [O Muhammad], by the favor of your Lord, a madman. — Sahih International

২. আপনার রবের অনুগ্রহে আপনি উন্মাদ নন।

তাফসীরে জাকারিয়া

(২) তুমি তোমার প্রতিপালকের অনুগ্রহে পাগল নও। [1]

[1] এটা হল কসমের জওয়াব। এতে কাফেরদের কথার প্রতিবাদ করা হয়েছে। তারা মুহাম্মাদ (সাঃ)-কে পাগল বলত। {يَا أَيُّهَا الَّذِي نُزِّلَ عَلَيْهِ الذِّكُرُ إِنَّكَ لَمَجْنُونً} অর্থাৎ, (তারা বলল,) হে ঐ ব্যক্তি! যার প্রতি কুরআন নাযিল হয়েছে, তুমি তো একটা পাগল। (সূরা হিজর ৬ আয়াত)

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5273

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন